# এইচ এস সি পরীক্ষা ২০২০ এর মডেল প্রশ্ন (সকল বোর্ড এর জন্য)

## ইসলামের ইতিহাস ও সংস্কৃতি প্রথম পত্র

বিষয় কোড : | ২ | ৬ | ৭ |

সৃজনশীল প্রশ্ন

সময় — ২ ঘন্টা ৩০ মিনিট পূর্ণমান — ৭০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যে কোনো সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে]

**১.▶** কুড়িগ্রাম জেলার ভুরুঙ্গামারি উপজেলা চেয়ারম্যান তার উপজেলার সার্বিক উন্নয়ন কাজে নিজে অংশগ্রহণ করেন। উপজেলার সার্বিক পয়ঃনিষ্কাশন ব্যবস্থার তদারকি করেন এবং শহরের পয়ঃনিষ্কাশন ব্যবস্থা আধুনিকীকরণ করার মাধ্যমে তার উপজেলা শহরের পরিবেশ উন্নততর করেন।

ক. পৃথিবীর প্রাচীনতম সভ্যতা কোনটি? ১

খ. মিসরকে নীলনদের দান বলা হয় কেন? ২

গ. চেয়ারম্যান সাহেব কোন সভ্যতার জ্ঞানকে কাজে লাগিয়ে নিজ এলাকার উন্নয়ন করেছেন। ব্যাখ্যা কর। ৩

ঘ. চেয়ারম্যান সাহেবের গৃহীত ব্যবস্থাসমূহ কি প্রাচীন সিন্ধু সভ্যতার সাথে সামঞ্জস্যপূর্ণ? মতামত দাও। ৪

**২.▶** মেজর রাব্বানি জাতিসংঘ শান্তি মিশনের প্রতিনিধি নির্বাচিত হয়ে আফ্রিকার একটি দেশে নিযুক্ত হলেন। সেখানে তিনি লক্ষ করলেন বেশির ভাগ মানুষ মদ্যপান, জুয়া খেলা, সুদ খাওয়া ইত্যাদি কাজকে মর্যাদা দিয়ে থাকে। মানুষ দাস হিসাবে বাজারে বিক্রয় হয়। শিশু কন্যাকে জীবিত কবর দেয়া হয়।

ক. কোন দেশকে জাজিরাতুল আরব বলা হয়? ১

খ. আইয়ামে জাহেলিয়া বলতে কী বোঝায়? ব্যাখ্যা কর ২

গ. মেজর রাব্বানির দেখা প্রতিবেদনের সাথে তোমার পঠিত কোন যুগের সামাজিক অবস্থার সাদৃশ্য রয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের আলোকে জাহেলিয়া যুগের সমাজ ব্যবস্থার ব্যাখ্যা কর। ৪

**৩.▶** এই প্রেরিত মহাপুরুষ ঐশীবাণী প্রাপ্ত হয়ে এবং অবিশ্বাসীদের ষড়যন্ত্র সম্বন্ধে জানতে পেরে তার সর্বাধিক বিশ্বাসী শিষ্যকে সাথে নিয়ে নিজ জন্মভূমি 'ক' ছেড়ে প্রায় ২৫০ মাইল দূরের শহর 'ম' এ গমন করেন। তাঁর এই দেশ ত্যাগের পর ঐশী বিধান পরিপূর্ণতা লাভ করে এবং অনুসারীর সংখ্যা বৃদ্ধি পেতে থাকে।

ক. হযরত মুহাম্মদ (স) এর জন্ম তারিখ লেখ। ১

খ. হিলফুল ফুজুল বলতে কী বোঝ? ২

https://teachingbd24.com

গ. উদ্দীপকের বর্ণিত মহাপুরুষের দেশ ত্যাগের সাথে তোমার পঠিত কোন প্রেরিত মহাপুরুষের দেশত্যাগের সম্পর্ক আছে। ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে বর্ণিত মহাপুরুষের দেশত্যাগের ঘটনার পরই ছিল তার প্রচারিত ধর্মের জন্য এক গৌরবান্বিত প্রস্থান এবং চূড়ান্ত প্রসার। ব্যাখ্যা কর। ৪

৪.▶ আব্দুল খালেক চাঁদপুর জেলার হাজীগঞ্জে বসবাস করেন। সে সমাজে হিন্দু, বৌদ্ধ, খ্রিষ্টান, মুসলমান, ইহুদী ও পৌত্তলিক সকল ধর্মের লোক বাস করে। তাদের সকলকে নিয়ে তিনি (আব্দুল খালেক) একটি সামাজিক সংঘ গঠন (নীতিমালা) করেন, যার মাধ্যমে তারা নিজেদের সকল সমস্যার সমাধানের উদ্যোগ গ্রহণ করেন। তিনি ধর্মীয় নয়, সামাজিক ও রাজনৈতিক ক্ষেত্রে এ সংঘের দ্বারা সমাজে শান্তি আনয়ন করেন এবং সবাইকে একই ছাতার ছায়াতলে নিয়ে আসেন।

ক. আরবদের শেক্সপিয়ার কাকে বলা হয়? ১

খ. ফাহতুম মুবিন কী? ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে আব্দুল খালেক সাহেবের কর্মকাণ্ড মদিনা সনদের কোন ধারার অনুরূপ- ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে আব্দুল খালেক সাহেবের কর্মকাণ্ড সমাজে কী ধরনের প্রভাব ফেলে? আলোচনা কর। ৪

৫.▶ বাদশা আলমগীরের সিংহাসন আরোহণ কন্টকমুক্ত ছিল না। এ সময় পুরো দেশে বিদ্রোহ ও বিশৃঙ্খলা মাথা চাড়া দিয়ে উঠে। তার সময়ে লোকেরা ইসলামি শরিয়ত অনুযায়ী যাকাত দিতে অস্বীকার করে এবং পাশাপাশি অনেক ভণ্ড পীরের আবির্ভাব ঘটে। বাদশা কঠোর হস্তে এসব বিদ্রোহ ও অনাচার দূর করেন এবং রাজ্যকে শরিয়া মোতাবেক দৃঢ়ভিত্তির উপর প্রতিষ্ঠিত করেন।

ক. বদরের যুদ্ধে কতজন মুসলমান শহিদ হন? ১

খ. মজলিস-উস-শূরা বলতে কী বোঝ? ২

গ. তোমার পঠিত ইসলামের ইতিহাসের কোন খলিফার কর্মকাণ্ডের সাথে উদ্দীপকের বাদশার সামঞ্জস্য লক্ষ করা যায়? ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত খলিফা দৃঢ়চিত্তে সমস্যার সমাধান করতে না পারলে আরবে ইসলামের অবস্থা কেমন হতে পারত? উত্তরের সপক্ষে তোমার মতামত দাও। ৪

৬.▶ বুহুল আমিন অভিজাত বংশের সন্তান। তার পিতা একজন সফল এবং বিখ্যাত শাসক ছিলেন। বাল্যকাল থেকে বুহুল আমিন ছিলেন অত্যন্ত সাহসী, মেধাবী ও কর্তব্যপরায়ণ। পিতৃ সিংহাসনে আরোহন করে বংশীয় ঐতিহ্য, কর্তব্যপরায়ণতা এবং সাহসিকতা এক সময় তাকেও একজন সফল শাসকে পরিণত করে। তিনি একজন দিগ্বিজয়ী বীর হিসেবেও বেশ সুনাম কুঁড়িয়েছেন।

https://teachingbd24.com

ক. টুরস এর যুদ্ধ কখন সংঘটিত হয়? ১
খ. খলিফা আব্দুল মালিকের আরবীয়করণনীতি ব্যাখ্যা কর। ২
গ. বুহুল আমিনের বুদ্ধিমত্তা ও বীরত্ব তোমার পঠিত কোন উমাইয়া খলিফার সাথে তুলনা করা যায়? ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত খলিফার রাজত্বকালের গুরুত্বপূর্ণ সামরিক অভিযানগুলোর বর্ণনা দাও।৪

৭.▶ পূর্ববর্তী শাসকের মনোনয়ন অনুসারে আতাউর সিংহাসনে আরোহন করেন। ক্ষমতা লাভের পর তিনি তার ধর্মীয় রীতিনীতি অনুযায়ী শাসনব্যবস্থা প্রবর্তন করেন। সাম্প্রদায়িক সম্প্রীতি প্রতিষ্ঠাকল্পে তিনি কতিপয় জনকল্যাণকর ব্যবস্থা গ্রহণ করেন। বিদ্রোহ দমন ও রাজ্য বিস্তার নীতি পরিত্যাগ করে তিনি শান্তির কৌশল গ্রহণ করেন।

ক. দামেস্কের উমাইয়া বংশের প্রতিষ্ঠাতা কে ছিলেন? ১
খ. হাজ্জাজ বিন ইউসুফ বিখ্যাত ছিলেন কেন? ২
গ. উদ্দীপকে উল্লিখিত শাসক আতাউরের শাসনব্যবস্থার সাথে তোমার পঠিত কোন উমাইয়া শাসকের শাসনব্যবস্থার সাদৃশ্য পরিলক্ষিত হয়? আলোচনা কর। ৩
ঘ. উদ্দীপকের শাসকের উল্লিখিত শাসননীতি ছাড়াও তোমার পঠিত শাসক সুশাসনের জন্য যে সকল নীতি প্রবর্তন করেছিলেন তা বিশ্লেষণ কর। ৪

৮.▶ ফয়সাল ইতিহাস পড়ে জানতে পারে, একজন বিখ্যাত শাসনকর্তা সৌভাগ্যবশত গণহত্যা থেকে প্রাণে বেঁচে যান। বিভিন্ন স্থানে পাঁচ বছর আত্মগোপনে থাকার পর 'S' নামক স্থানে জবরদখলকারী শাসনকর্তাকে পরাজিত করে স্বাধীন আমিরাত প্রতিষ্ঠা করেন। এভাবেই বিতাড়িত, গৃহহীন পলাতক যুবক তার উচ্চাভিলাষের শীর্ষে আরোহন করে।

ক. কোন খলিফার আমলে স্পেন বিজিত হয়? ১
খ. কর্ডোভাকে ইউরোপের বাতিঘর বলা হয় কেন? ২
গ. ফয়সালের পঠিত শাসনকর্তার সাথে তোমার পঠিত কোন স্পেনীয় শাসকের সাদৃশ্য লক্ষ্য করা যায়? ব্যাখ্যা কর। ৩
ঘ. তোমার পঠিত শাসকের শ্রেষ্ঠ কৃতিত্ব বিশ্লেষন কর। ৪

৯.▶ রহিম মিয়া রায়পুর ইউনিয়নের একজন শ্রেষ্ঠ চেয়ারম্যান। জনদরদি এই প্রতিনিধি ইউনিয়নবাসীর অবস্থা স্বয়ং অবগত হওয়ার জন্য ছদ্মবেশে ঘুরে ঘুরে খোঁজ-খবর নিতেন। অন্যায়কারী বিদ্রোহীদের প্রতি তিনি ছিলেন অত্যন্ত কঠোর। জনগণের সার্বিক মঙ্গলের জন্য তিনি ছিলেন বেশ যত্নবান।

https://teachingbd24.com

ক. আব্বাসীয় খিলাফতের রাজধানী কোথায় ছিল? ১
খ. আবু মুসলিম খোরাসানী কে ছিলেন? ২
গ. উদ্দীপকে চেয়ারম্যান রহিম মিয়ার মধ্যে আব্বাসীয় কোন মহান খলিফার চারিত্রিক গুণাবলি প্রকাশ পেয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের চেয়ারম্যানের চারিত্রিক বৈশিষ্ট্য ছাড়াও উক্ত আব্বাসীয় খলিফা ছিলেন নানা গুণের অধিকারী-তোমার পাঠ্যপুস্তকের আলোকে মন্তব্যটি বিশ্লেষণ কর। ৪

১০.▶ বসনিয়ার সরকার নিজ দেশের বিভিন্ন বিষয়ে পণ্ডিতদের সহযোগিতায় একটি গবেষণা প্রতিষ্ঠান গড়ে তোলেন। সেখানে দেশী-বিদেশী বিখ্যাত ব্যক্তিদের বইপত্র সংগ্রহ করা হয়। শিক্ষা-সাহিত্য, ইতিহাস-দর্শনে এবং জ্ঞান-বিজ্ঞানের সর্বক্ষেত্রে উক্ত গবেষণা প্রতিষ্ঠানটি দেশের কল্যাণে একটি স্বর্ণালী অধ্যায় সংযোজন করে।

ক. 'আস-সাফফা' শব্দের অর্থ কী? ১
খ. বাদগাদ নগরীর বর্ণনা দাও। ২
গ. উদ্দীপকে উল্লিখিত গবেষণা প্রতিষ্ঠানটির সাথে আব্বাসীয় খলিফা আল মামুনের কোন প্রতিষ্ঠানের মিল রয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. গবেষণার কর্মকাণ্ডে বসনিয়ার উক্ত সংস্থার চেয়ে আব্বাসীয় প্রতিষ্ঠানটির ক্ষেত্র আরও বেশি ছিল- আলোচনা কর। ৪

১১.▶ মি. উইলিয়াম উত্তরাধিকার সূত্রে সিংহাসনে আরোহণ করে ডিক্রি জারি করেন যে, দিনের বেলা কোন কাজকর্ম করা হবে না, দোকানপাট বন্ধ থাকবে এবং মানুষ আরাম করবে। রাতের বেলা সকল কাজকর্ম করতে হবে এবং বেচাকেনা চলবে। তিনি নৈতিক ও ধর্মীয় সংস্কারকারী একজন জ্ঞানী শাসক ছিলেন।

ক. উত্তর আফ্রিকায় আঘলাবীয় বংশের শেষ শাসক কে ছিলেন? ১
খ. আল কাহিরা নগরী সম্পর্কে টীকা লিখ। ২
গ. উদ্দীপকে মি. উইলিয়ামের কর্মকাণ্ডের সাথে কোন ফাতেমীয় খলিফার মিল পাওয়া যায়? আলোচনা কর। ৩
ঘ. উক্ত শাসকের নৈতিক ও ধর্মীয় ডিক্রি জারির বাইরে তোমার পঠিত খলিফা শিক্ষা ও সংস্কৃতির পৃষ্ঠপোষক ছিলেন আলোচনা কর। ৪

https://teachingbd24.com

# ইসলামের ইতিহাস ও সংস্কৃতি প্রথম পত্র

বিষয় কোড | ২ | ৬ | ৭ |

সময় — ৩০ মিনিট

## বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান — ৩০

*[বিশেষ দ্রষ্টব্য: — সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি (●) বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১।]*

১. মিসরীয়দের প্রধান দেবতার নাম কী ছিল?
ক) ওসিরিস খ) আমন-রে
গ) 'রা' ঘ) এখনাটান

২. "উট যেখানে উন্নত, আরবরাও সেখানে উন্নত" উক্তিটি কার?
ক) হযরত মুহাম্মদ (স.)
খ) হযরত আবু বকর (রা.)
গ) হযরত ওমর (রা.)
ঘ) হযরত আলী (রা.)

৩. মহানবি (স.) হুদায়বিয়ার সন্ধি করেছিলেন-
i. পৌত্তলিকদের সাথে
ii. ইহুদীদের সাথে iii. কুরাইশদের সাথে
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

৪. জাতিসংঘ নামক সংস্থাটির সাথে মহানবি (স.) এর প্রতিষ্ঠিত কোন সংগঠনটির মিল রয়েছে?
ক) হিলফুল ফুজুল খ) মজলিস-উস-শুরা
গ) বায়তুলমাল ঘ) বাইয়াতে আকাবা

৫. উক্ত সংগঠনের মূল উদ্দেশ্য ছিল-
i. রক্তক্ষয়ী যুদ্ধ বন্ধ করা
ii. দেশে শান্তি শৃঙ্খলা প্রতিষ্ঠা করা
iii. বিদেশী বণিকদের জানমালের নিরাপত্তা বিধান করা
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

**নিচের উদ্দীপকটি পড় এবং ৬ নং প্রশ্নের উত্তর দাও:**
নুহা গ্রামে গিয়ে দেখল নদীর ধারে অনেকগুলো নৌকা জড়ো হয়ে আছে এবং অনেকগুলো পরিবার নৌকায় বসবাস করছে। নুহার বাবা বললেন, এ পরিবারগুলো হচ্ছে বেদে সম্প্রদায়। এরা কোথাও স্থির থাকে না। সাপ খেলা দেখানো, সাপ ধরা ও চুরি-বালা বিক্রি করা এদের কাজ। নুহা দেখল সত্যই তারা কয়েকদিন পর অন্যত্র চলে গেছে।

৬. উদ্দীপকে উল্লিখিত সম্প্রদায়ের সাথে আরবের কোন সম্প্রদায়ের মিল রয়েছে?
ক) শহরবাসী খ) বেদুইন
গ) আদিবাসী ঘ) গ্রামবাসী

৭. আবু জেহেল কোন যুদ্ধে নিহত হয়?
ক) বদর খ) উহুদ
গ) খন্দক ঘ) মুতা

৮. রোমান আইনের প্রণেতা কে ছিলেন?
ক) সিসেরো খ) ভার্জিল
গ) বড় প্লিনি ঘ) সেলসাস

৯. দক্ষিণ আরব প্রসিদ্ধ-
i. ব্যবসায়-বাণিজ্যের জন্য
ii. কৃষি উৎপাদনের জন্য
iii. শিল্প উৎপাদনের জন্য
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

১০. কারবালার হত্যাকাণ্ডকে কেন্দ্র করে কোন দলের উদ্ভব হয়?
ক) সুন্নী খ) খারেজি
গ) শিয়া ঘ) মুতাজিলা

**নিচের উদ্দীপকটি পড় এবং ১১ নং প্রশ্নের উত্তর দাও:**
শেরশাহ কাজের সুবিধার জন্য তার সাম্রাজ্যকে ৪৭টি ভাগে ভাগ করেছিলেন।

১১. শেরশাহের কর্মকাণ্ডের সাথে খুলাফায়ে রাশেদিনের কোন খলিফার কর্মকাণ্ডের মিল রয়েছে?
ক) হযরত আবু বকর (রা.)
খ) হযরত ওমর (রা.)
গ) হযরত উসমান (রা.)
ঘ) হযরত আলী (রা.)

১২. খালিদ বিন ওয়ালিদকে 'সাইফুল্লাহ' উপাধি দেয়া হয় কেন?
ক) ভণ্ডনবিদের দমনের জন্য
খ) জনপ্রিয়তার জন্য
গ) নিষ্ঠুরতার জন্য ঘ) বীরত্বের জন্য

**নিচের উদ্দীপকটি পড় এবং ১৩ ও ১৪ নং প্রশ্নের উত্তর দাও :**
বিহারের শাসনকর্তা বাহার খানের অধীনে চাকরি করার সময় শেরশাহ একটি বাঘ হত্যা করে 'শেরখান' উপাধি লাভ করেন।

১৩. শেরশাহের উপাধী লাভের সাথে খুলাফায়ে রাশেদিনের কোন খলিফার মিল পাওয়া যায়?
ক) হযরত আবুবকর (রা.)
খ) হযরত ওমর (রা.)
গ) হযরত উসমান (রা.)
ঘ) হযরত আলী (রা.)

১৪. উক্ত খলিফাকে উপাধি দেয়া হয়েছি-
ক) কর্মদক্ষতার জন্য খ) বীরত্বের জন্য
গ) ধর্মভীরুতার জন্য
ঘ) প্রশাসনিক দক্ষতার জন্য

Teachingbd24.com

নিচের উদ্দীপকটি পড় এবং ১৫ ও ১৬ নং প্রশ্নের উত্তর দাও :

নেপোলিয়ান নানা কৌশলে ইউরোপে বিশাল সাম্রাজ্য স্থাপন করেন। শাসক হিসেবেও তিনি ছিলেন অধিক যোগ্যতাসম্পন্ন।

১৫. উমাইয়া বংশের কোন শাসকের সাথে নেপোলিয়ানের মিল পাওয়া যায়?
ⓚ মুয়াবিয়া ⓛ ইয়াজিদ
ⓜ আব্দুল মালিক ⓝ হিশাম

১৬. কোন উদ্দেশে ঐ খলিফা বায়তুল মালকে ব্যবহার করেন?
ⓚ গরিব দুঃখীদের স্বার্থে
ⓛ সমগ্র জনগণের স্বার্থে
ⓜ রাজ্য পরিচালনার স্বার্থে
ⓝ ব্যক্তিগত স্বার্থে

১৭. উমাইয়া বংশের শেষ শ্রেষ্ঠ রাজনীতিবিদ কে ছিলেন?
ⓚ হিশাম ⓛ ২য় মারওয়ান
ⓜ ২য় ওয়ালিদ ⓝ ৩য় ইয়াজিদ

১৮. 'আরবদের নীরো' বলে কে পরিচিত ছিলেন?
ⓚ মুসা বিন নুসায়ের ⓛ তারিক বিন জিয়াদ
ⓜ হাজ্জাজ বিন ইউসুফ
ⓝ মুহাম্মদ বিন কাসিম

১৯. জাবের যুদ্ধের ফলাফল-
i. মারওয়ানের পরাজয়
ii. আব্বাসি খিলাফত প্রতিষ্ঠা
iii. সেনাপতি আব্দুল্লাহর জয়লাভ
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓛ ii ও iii
ⓜ i ও iii ⓝ i, ii ও iii

২০. 'দাই' বলতে কী বোঝায়?
ⓚ সুফি ⓛ যুদ্ধ বিশারদ
ⓜ প্রচারক ⓝ কবি

২১. আব্বাসি আমলে আল-আমিন ও আল-মামুনের ভ্রাতৃদ্বন্দ্বের কারণ-
i. ভ্রাতৃদ্বয়ের চরিত্রগত পার্থক্য
ii. আরব পারসিক দ্বন্দ্ব
iii. হারুনের মনোনয়ন
নিচের কোনটি সঠিক?
ⓚ i ⓛ i ও ii
ⓜ ii ও iii ⓝ i, ii ও iii

২২. 'মাহদীয়া' নগরী কে নির্মাণ করেন?
ⓚ আর-হাদি ⓛ আল-মাহদি
ⓜ আর-মামুন ⓝ আল-আমিন

২৩. কোন শাসনামল মুসলিম শাসনামলের স্বর্ণযুগ?
ⓚ উমাইয়া ⓛ আব্বাসি
ⓜ আইয়ুবী ⓝ সেলজুক

২৪. আল কাহিরার অপর নাম কী?
ⓚ বাগদাদ ⓛ মিসর
ⓜ কায়রো ⓝ মসুল

২৫. কার তত্ত্বাবধানে আল-আজহার মসজিদ নির্মিত হয়?
ⓚ আর-হাসিম ⓛ জওহর
ⓜ আল-মুইজ ⓝ আল আজিজ

২৬. কোন খলিফাকে 'রূপকথার রাজা' বলা হয়?
ⓚ আবুল আব্বাস আস্‌সাফ্‌ফাহ
ⓛ আল মনসুর
ⓜ হারুনর রশিদ ⓝ আল মামুন

নিচের উদ্দীপকটি পড় এবং ২৭ নং প্রশ্নের উত্তর দাও :

বাবর সাইবানি খান কর্তৃক পিতৃরাজ্য হতে বিতাড়িত হয়ে দেশ হতে দেশান্তরে পালিয়ে বেড়ান। অতঃপর তিনি অসহায় অবস্থায় কাবুলে অবস্থান করে ভারতে সাম্রাজ্য স্থাপনের স্বপ্ন দেখেন ও সফলকাম হন।

২৭. বাবরের সাথে তোমার পাঠ্যবইয়ের কোন খলিফার মিল পাওয়া যায়?
ⓚ ১ম আব্দুর রহমান ⓛ ২য় আব্দুর রহমান
ⓜ ৩য় আব্দুর রহমান ⓝ মুসা বিন নুসায়ের

২৮. শিয়া সম্প্রদায় বিভক্ত হয়ে পড়ে-
i. ইছনা আশারিয়ায়
ii. ইসমাইলীয় জনগোষ্ঠীতে
iii. আব্বাসীয় জনগোষ্ঠীতে
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓛ i ও iii
ⓜ ii ও iii ⓝ i, ii ও iii

২৯. বেশির ভাগ আরবদের সর্বস্বান্ত হওয়ার কারণ কী ছিল?
ⓚ ঘুষ ⓛ যুদ্ধ করা
ⓜ সুদ ⓝ দুর্ভিক্ষ

৩০. 'সাবআ মুয়াল্লাকাত' অর্থ কী?
ⓚ সাতটি ঝুলন্ত কবিতা
ⓛ সাতটি ঝুলন্ত আইন সংহিতা
ⓜ সাতটি ঝুলন্ত কাষ্ঠফলক
ⓝ সাতটি ঝুলন্ত পুতুল

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | খ | ২ | গ | ৩ | খ | ৪ | ক | ৫ | ঘ | ৬ | খ | ৭ | ক | ৮ | ক | ৯ | ক | ১০ | গ | ১১ | খ | ১২ | ঘ | ১৩ | ঘ | ১৪ | খ | ১৫ | ক |
| ১৬ | ঘ | ১৭ | ক | ১৮ | গ | ১৯ | ঘ | ২০ | গ | ২১ | ঘ | ২২ | খ | ২৩ | খ | ২৪ | খ | ২৫ | গ | ২৬ | গ | ২৭ | ক | ২৮ | ক | ২৯ | খ | ৩০ | ক |

https://teachingbd24.com